# AKASHVANI (Kolkata)

## Regional News Unit

**Date: 23-04.2026** **Time: 1-40 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১) কড়া নিরাপত্তায় রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রথম দফায় ১৬-টি জেলার ১৫২-টি আসনে ভোট গ্রহণ চলছে। #বেলা ১টা পর্যন্ত গড় ভোটদানের হার ৬২ দশমিক ১/৮ শতাংশ। এর মধ্যে সবচেয়ে বেশি ভোট পড়েছে পশ্চিম মেদিনীপুরে ৬৫ দশমিক ৭/৭ শতাংশ। বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া এখনও পর্যন্ত মোটের ওপর শান্তিপূর্ণ রয়েছে।

২) রাজ্যের দ্বিতীয় দফার ভোট গ্রহণের জন্য রাজনৈতিক দলগুলির প্রচারাভিযান তুঙ্গে। বিভিন্ন দলের তারকা প্রচারকরা ভোটারদের মন জয়ে মিটিং-মিছিল-জনসভা করছেন। #বরিষ্ঠ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নদীয়ার কৃষ্ণনগরে নির্বাচনী প্রচারে যোগ দিয়ে এবারের নির্বাচনে রাজ্যে পরিবর্তন অবশ্যম্ভাবী বলে মত প্রকাশ করেছেন। #অন্য রাজনৈতিক দলের পক্ষ থেকেও চলেছে জোরদার প্রচারাভিযান।

৩) ভোটগ্রহণের ৪৮ ঘন্টা আগে মোটরবাইক চলাচলে নিষেধাজ্ঞা নিয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তে অসন্তোষ ব্যক্ত করেছে কলকাতা হাইকোর্ট।

৪) আই প্যাক মামলায় নিরপেক্ষ কোন সংস্হাকে দিয়ে তদন্ত করানোর জন্য সুপ্রিম কোর্টে আর্জি নিয়েছে ইডি।

৫/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ প্রবাদ প্রতীম চলচ্চিত্রকার সত্যজিৎ রায়ের প্রয়াণ বার্ষিকীতে শ্রদ্ধা নিবেদন করা হচ্ছে।

*************************************************************************

কড়া নিরাপত্তায় রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রথম দফায় ১৬-টি জেলার ১৫২-টি আসনে ভোট গ্রহণ চলছে। ভোট নেওয়া হবে সন্ধে ৬-টা পর্যন্ত। ১ হাজার ৪-শো ৭৮ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করছেন ৩ কোটি ৬০ লক্ষের বেশি ভোটাদাতা। মহিলা প্রার্থী রয়েছেন ১৬৭ জন। বেলা ১’টা পর্যন্ত গড় ভোটদানের হার ৬২ দশমিক ১/৮ শতাংশ। এর মধ্যে সবচেয়ে বেশি ভোট পড়েছে পশ্চিম মেদিনীপুরে ৬৫ দশমিক ৭/৭ শতাংশ।

আলিপুরদুয়ারে প্রায় ৬০ শতাংশ, বাঁকুড়ায় ৬৪ শতাংশের কিছু বেশি, বীরভূমে প্রায় ৬৪, কোচবিহারে ৬০ দশমিক ৭/৫, উত্তর দিনাজপুরে ৬০ শতাংশের কিছু বেশি, দক্ষিন দিনাজপুরে ৬৩-এর কিছু বেশি, দার্জিলিং-এ ৫৯ দশমিক ৮/১, জলপাইগুড়িতে সাড়ে ৩৯, ঝাড়গ্রামে প্রায় ৪৪, কালিম্পং-এ ৩৯ দশমিক ৬/১, মুর্শিদাবাদে

৪১ দশমিক ৫/৯ শতাংশ ভোট পড়েছে। পশ্চিম বর্ধমানে ৪০ শতাংশের কিছু বেশি, পূর্ব মেদিনীপুরে ৪২ শতাংশের বেশি এবং পুরুলিয়ায় এখনও পর্যন্ত ভোটদানের হার ৩৯ দশমিক ১/৬ শতাংশ।

জলপাইগুড়ি জেলায় সকাল থেকে মেঘলা আবহাওয়ায় নির্বিঘ্নে ভোটগ্রহণ চলছে। এখনও পর্যন্ত কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর নেই। জেলায় বেলা ১১-টা পর্যন্ত সব থেকে বেশি ভোট পড়েছে নাগরাকাটা আসনে। এদিকে, শিলিগুড়ি বিধানসভার ২৩৫ নম্বর বুথে এবারের নতুন ভোটার কাজল দাসের ভোট অন্য কেউ দিয়েছেন বলে অভিযোগ উঠেছে। ভোট দিতে এসে বিষয়টি জানতে পেরে প্রিসাইডিং অফিসারের কাছে অভিযোগ করেন তিনি।

দক্ষিণ দিনাজপুরেও ভোট চিত্র মোটামুটি শান্তিপূর্ণ। আমাদের প্রতিনিধি কল্যাণ লাহা জেলা থেকে সামগ্রিক পরিস্হিতি সম্পর্কে জানাচ্ছেন –

(ভয়েস – কল্যাণ লাহা)

এদিকে, বেলা গড়ানোর সঙ্গে সঙ্গেই বিভিন্ন জেলা থেকে অশান্তির খবর আসছে। বীরভূমে ঝামেলার মধ্যে পড়ে বিজেপি-র নির্বাচনী এজেন্ট বিশ্বজিৎ মন্ডল আক্রান্ত। তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকদের প্রবল আক্রমণে তাঁর মাথা ফেটে গেছে বলে জানা যাচ্ছে। সিউড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে তিনি চিকিৎসাধীন। এছাড়াও লাভপুরে বিজেপি প্রার্থীর ছেলেকে মারধোরের অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে।

************************************************************************

সিউড়ির বিজেপি প্রার্থী জগন্নাথ চট্টোপাধ্যায় তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে ভোটারদের প্রভাবিত করার অভিযোগ তুলেছেন। প্রতিটি ক্ষেত্রেই অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস।

অন্যদিকে, মুরারই-এ ভোট চলাকালীন গোরসা পঞ্চায়েতে ৩১ নম্বর বুথে ২ কংগ্রেস কর্মীকে বেধড়ক মারধোরের অভিযোগ উঠেছে শাসকদলের বিরুদ্ধে। পাল্টা মারে ২ তৃনমূল কংগ্রেস কর্মীও আহত বলে খবর। আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।

কোচবিহার, তুফানগঞ্জে ২ নম্বর ব্লকে বারোকোদালি ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের মানসাই ২৩৭ ও ২৩৮ নম্বর বুথে কিছুটা দুরে রোড জ্যাম করার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। পুলিশ গিয়ে পরিস্হিতি সামাল দেওয়ার চেষ্টা চালাচ্ছে।

ঘোকসাডাঙা চা-বাগানে বিজেপি প্রার্থীর বিরুদ্ধে টাকা বিলির অভিযোগ তুলেছে তৃণমূল কংগ্রেস। এই ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়ায়। বিজেপি-র পক্ষ থেকে অবশ্য এখনও পর্যন্ত কিছু জানানো হয়নি।

মালদায় কিছু বুথে বিক্ষিপ্ত সমস্যার অভিযোগ উঠে। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন,

(ভয়েস – সহেলী)

পূর্ব মেদিনীপুরে এখনও পর্যন্ত বড়সড় গন্ডগোলের কোন খবর নেই। নিজের কেন্দ্রে ভোট দিয়েছেন নন্দীগ্রামের বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারী। এদিকে, ভোটের লাইনে দাঁড়িয়ে থাকার সময় নৃপেন্দ্র দাস নামে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে। পটাশপুর বিধানসভায় বামনবার জুনিয়ার হাইস্কুলে ওই ঘটনা ঘটে। এদিকে পশ্চিম মেদিনীপুরে কেশপুর সীমা গেড়িয়ায় ভোট কেন্দ্রের মধ্যেই অসুস্হ হয়ে ইসরাতন বিবি নামে এক বৃদ্ধার মৃত্যু হয়েছে।

মুর্শিদাবাদ থেকেও বিক্ষিপ্ত অশান্তির খবর যাওয়া যাচ্ছে। আমাদের জেলা সংবাদদাতা মামুন ফারুকের কাছ আমরা সরাসরি চলে যাচ্ছি। মামুন, তোমার জেলার ভোটচিত্র কেমন ?

*************************************************************************

রাজ্য বিধানসভার প্রথম দফার ভোটগ্রহণ বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া এখনও পর্যন্ত মোটের ওপর শান্তিপূর্ণ রয়েছে। রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন, কিছুক্ষণ আগে পর্যন্ত ২৬৬-টি অভিযোগ জমা পড়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে ৯১-টি মণিটরের মাধ্যমে গোটা রাজ্যে নির্বাচনী পরিস্হিতির ওপর নিরন্তর নজর রাখা হচ্ছে বলে শ্রী নিয়োগী জানান।

*************************************************************************

রাজ্যের দ্বিতীয় দফার ভোট গ্রহণের জন্য রাজনৈতিক দলগুলির প্রচারাভিযান তুঙ্গে। বিভিন্ন দলের তারকা প্রচারকরা ভোটারদের মন জয়ে মিটিং-মিছিল-জনসভা করছেন।

বরিষ্ঠ **বিজেপি** নেতা **প্রধানমন্ত্রী** নরেন্দ্র মোদী নদীয়ার কৃষ্ণনগরে নির্বাচনী প্রচারে যোগ দিয়ে এবারের নির্বাচনে রাজ্যে পরিবর্তন অবশ্যম্ভাবী বলে মত প্রকাশ করেছেন। তিনি বলেন, রাজ্যে গত ৫০ বছরে সবচেয়ে কম ভোট হিংসার খবর পাওয়া গেছে। যা নির্বাচন কমিশনের অন্যতম সাফল্য বলে শ্রী মোদী জানান।

(বাইট – প্রধানমন্ত্রী)

প্রধানমন্ত্রী বলেন, তৃণমূল কংগ্রেস ভোট লুঠের রাজনীতি করলেও প্রথম দফায় রেকর্ড ভোট পড়েছে। লোকসভায় আসন সংরক্ষণ বিল পাশ করতে না দেওয়ায় তৃণমূল কংগ্রেসের তীব্র সমালোচনা করেন তিনি। এরপর তাঁর দক্ষিণ ২৪ পরগনার মথুরাপুরে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভায় অংশ নেওয়ার কথা। বিকেলে হাওড়ার বেলুড় মঠ দর্শন করে দলীয় প্রার্থীদের হয়ে প্রচারের জন্য লিলুয়ার MCKV থেকে শালকিয়া চৌরাস্তা পর্যন্ত রোডশো করবেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র **মোদীর** দুই দিনের **রাজ্য সফর** উপলক্ষে কলকাতা পুলিশ, **শহরে যানবাহন** চলাচল নিয়ন্ত্রণ করবে। আজ প্রধানমন্ত্রীর লোকভবনে রাত্রিবাস করার কর্মসূচি থাকায় বিকেল চারটে থেকে আগামীকাল সকাল এগারোটা পর্যন্ত মধ্য কলকাতার লোক ভবন সংলগ্ন এলাকার রাস্তা সম্পূর্ণভাবে বন্ধ থাকবে। অন্যদিকে আজ বিকেল চারটে থেকে রাত আটটা এবং আগামীকাল সকাল সাড়ে আটটা থেকে বিকেল সাড়ে চারটে পর্যন্ত কলকাতা পুলিশের আওতাধীন বিভিন্ন থানা এলাকায় যান চলাচলের উপরে নিয়ন্ত্রণ জারি করা হবে।

বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ হুগলীর বলাগড় এবং পুরশুড়ায় জনসভায় বক্তব্য রাখবেন। উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামে রোডশো-এর কর্মসূচী রয়েছে তাঁর। অন্যদিকে দলের সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন আজ উত্তর ২৪ পরগনার খড়দা এবং কাশীপুর-বেলগাছিয়ায় দুটি রোডশো করছেন।

**তৃণমূল কংগ্রেস নেত্রী** মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ কলকাতার চৌরঙ্গী এবং যাদবপুরে জনসভা এবং ভবানীপুরে পদযাত্রায় অংশ নেবেন। দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ প্রচার করবেন মেটিয়াবুরুজে।

**CPIM-**এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বালিগঞ্জে রোডশো এবং হুগলীর কোন্নগর থেকে উত্তরপাড়া পর্যন্ত পদযাত্রায় যোগ দেবেন। দলীয় প্রার্থীর সমর্থনে যাদবপুরে জনসভায় উপস্থিত থাকবেন দলের সাধারণ সম্পাদক এম এ বেবী, প্রবীণ নেত্রী বৃন্দা কারাত প্রমুখ।

**কংগ্রেস, ISF** সহ অন্য রাজনৈতিক দলের নেতা কর্মীরাও ভোটারদের মন জয়ে সবরকম চেষ্টা চালাচ্ছেন।

*************************************************************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'এক নজরে প্রথম দফা '।

রাজ্য বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোট পর্ব কেমন হলো তা তুলে ধরবেন আমাদের জেলা সংবাদদাতা এবং প্রতিনিধিরা।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮-টা ৫ মিনিটে গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

এদিকে আজ সন্ধ্যার ৭'টা ৫০-এর স্হানীয় সংবাদ ১০ মিনিটের পরিবর্তে ১৫ মিনিটের হবে।

*************************************************************************

ভোটগ্রহণের ৪৮ ঘন্টা আগে থেকে নির্বাচন কমিশনের মোটরবাইক চলাচলের বিধিনিষেধ সংক্রান্ত নির্দেশিকা নিয়ে অসন্তোষ ব্যক্ত করেছেন কলকাতা হাইকোর্টের বিচারপতি কৃষ্ণা রাও। কমিশনের এই নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের হওয়া জনস্বার্থ মামলার শুনানীতে বিচারপতি, নির্বাচন কমিশনের আইনজীবীকে বলেন, এভাবে ভোটগ্রহনের দুদিন আগে থেকে সব কিছু স্তব্ধ করে দেওয়া যায়না।

অন্য রাজ্যে কোথায় এধরণের বিজ্ঞপ্তি জারি হয়েছে তা জানতে চান বিচারপতি। কমিশন আগামীকাল হলফনামা দিয়ে কেন এই নিষেধাজ্ঞা জারি করা হল তা জানাবে, পাশাপাশি বাইক নিয়ে অতীতে কোনোরকম অপরাধমূলক নজির আছে কি না, তাও জানাতে নির্দেশ দিয়েছে আদালত। আগামীকাল মামলার ফের শুনানি।

*************************************************************************

সুপ্রিম কোর্টে আজ, অর্থ তছরুপ মামলায় কলকাতায় আই প্যাকের অফিসে তল্লাশি চলাকালীন তৃণমূল কংগ্রেস নেত্রী, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বাধাদান সংক্রান্ত মামলার শুনানি ফের শুরু হয়েছে। বিচারপতি প্রশান্ত কুমার মিশ্র ও বিচারপতি এন ভি আঞ্জারিয়ার বেঞ্চে ইডির পক্ষে কেন্দ্রের সলিসিটর জেনারেল তুষার মেহতা বলেন, এই ঘটনার যথেষ্ট প্রমাণ ইডি আধিকারিকদের কাছে আছে। তিনি এই ঘটনায় CBI-কে FIR দায়ের করে সম্পূর্ণ ঘটনার তদন্ত করার আবেদন জানান। তাঁর দাবি, মুখ্যমন্ত্রী ও তাঁর পুলিশ আধিকারিকরাই তল্লাশির সময় নথি ছিনিয়ে নেওয়ায় স্বাধীন, নিরপেক্ষ সংস্থাকে দিয়ে এই মামলার হওয়া প্রয়োজন। বেলা ২ টো থেকে ফের এই মামলার শুনানি শুরু হবে।

*************************************************************************

বিধাননগর কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী সুজিত বসুকে আগামীকালের পরিবর্তে পয়লা মে ইডি দপ্তরে হাজিরা দেওয়ার নির্দেশ দিয়েছেন কলকাতা হাইকোর্টের বিচারপতি কৃষ্ণা রাও। ২০২৩ সালে পুর নিয়োগ দুর্নীতির

তদন্তে নেমে সিবিআই তাঁর বাড়ি থেকে কিছু নথি উদ্ধার করে। গত দোসরা এপ্রিল থেকে জিজ্ঞাসবাদের জন্য ইডি তাঁকে একাধিকবার সমন পাঠালেও, নির্বাচনের কাজে যুক্ত থাকার কারণ দেখিয়ে, নিজে না গিয়ে ছেলেকে পাঠিয়েছিলেন তিনি। এরপর চলতি মাসের ২১ তারিখ ফের, ২৪শে এপ্রিল হাজিরা দেওয়ার সমন পাঠানো হলে সুজিত বসু কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন।

*************************************************************************

নির্বাচনে অশান্তির ঘটনায়, মুর্শিদাবাদ জেলার নওদায় শিবনগর এলাকা থেকে দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। দক্ষিণ দিনাজপুরের কুমারগঞ্জে বিজেপি প্রার্থীকে মারধোরের ঘটনায় রিপোর্ট তলব করেছে নির্বাচন কমিশন।

বীরভূমের লাভপুরে বিজেপি এজেন্টকে মারধোরের ঘটনায় রিপোর্ট তলব করা হয়েছে বলেও জানিয়েছে নির্বাচন কমিশন।

*************************************************************************

প্রবাদপ্রতিম চলচ্চিত্রকার সত্যজিৎ রায়ের আজ ৩৪ তম প্রয়াণ বার্ষিকী। কলকাতায় তাঁর নামাঙ্কিত ফিল্ম ও টেলিভিশন ইনস্টিটিউট-এসআরএফটিআই-এ বিশ্বখ্যাত চলচ্চিত্রকারের মূর্তিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। বেশ কয়েকটি সংগঠন সন্ধ্যায় তাঁর নির্মিত চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন করেছে। রাজ্য বিধানসভার প্রথম দফার নির্বাচনের আবহে, পরিচালকের সেই বিখ্যাত উক্তিটি আলোচিত হচ্ছে যেখানে তিনি বলেছেন, “ইতিহাসের অভিজ্ঞতাকে ভুলে আমরা যেন আজ আবার সাম্প্রদায়িক হিংসা ও বিশৃঙ্খলার শিকার হয়ে না পড়ি, কারণ তার থেকে ধিক্কারজনক অন্যায় আর কিছু হতে পারে না" ।

*************************************************************************